# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

**বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও )

## ক বিভাগ

১.▶ প্রতিবেশী বিউটি পার্লার-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নে উপস্থাপন করা হলো :

**প্রতিবেশী বিউটি পার্লার**

**রেওয়ামিল**

**৩১ ডিসেম্বর, ২০১৫**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৬১,১০০ |
| নগদ | ৩০,০০০ | |
| প্রারম্ভিক পার্লার সামগ্রী | ৭,৫০০ | |
| পার্লার সামগ্রী ক্রয় | ৩০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৮,০০০ |
| পার্লার সরঞ্জাম | ৬০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ২০,০০০ | |
| সেবা আয় | | ১,৩০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ১৭,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ১৪,০০০ | |
| বেতন খরচ | ২০০ | |
| উপযোগ খরচ | ৩,৪০০ | |
| | ২,১৬,১০০ | ২,১৬,১০০ |

**সমন্বয়সমূহ:** ১. বছর শেষে পার্লার সামগ্রী মজুদ আছে ৪,০০০ টাকা। ২. সেবা আয় বকেয়া রয়েছে এবং মক্কেলের ওপর বিল তৈরি করা হয়েছে ৮,০০০ টাকা। ৩. অগ্রিম ভাড়ার ৭,০০০ টাকা চলতি বছরের ভাড়া হিসেবে গণ্য করতে হবে। ৪. ০১-০৭-২০১৫ তারিখে ২০,০০০ টাকার পার্লার সরঞ্জাম ক্রয় করা হয় বাকিতে এবং হিসাবভুক্তও হয়নি। পার্লার সরঞ্জামের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. পার্লার সরঞ্জামের অবচয় নির্ণয় করো। ২

খ. ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের নিট আয় বা ক্ষতি নির্ণয় করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

গ. ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ৪

২.▶ জনতা ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাব বিবরণী থেকে নিম্নলিখিত তথ্যসমূহ পাওয়া যায় :

জনতা ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৭০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,৫০,০০০ | ৪,০০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৫০,০০০ | ২,৫০,০০০ |
| বিক্রয় ফেরত | ৭০০ | |
| বেতন খরচ | ২০,০০০ | |
| ভাড়া খরচ | ৪,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১৪,০০০ | |
| মজুরি খরচ | ৬,০০০ | |
| সাপ্লাইজ খরচ | ৩,৩০০ | |
| ৬% ঋণ (০১-০৪-১৫) | | ১,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ২৪,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| নগদ | ৮০,০০০ | |
| আসবাবপত্র | ২,৫০,০০০ | |
| | ৭,৭৮,০০০ | ৭,৭৮,০০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদের মূল্যায়ন হয়েছে ২৫,০০০ টাকা। প্রারম্ভিক মজুদের মধ্যে ২,০০০ টাকার এবং সমাপনী মজুদের মধ্যে ৪,০০০ টাকার অব্যবহৃত সাপ্লাইজ অন্তর্ভুক্ত আছে। ২. ধারে ক্রয় ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৩. প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৪. আসবাবপত্রের ৫% অবচয় ধার্য করো।

ক. সাপ্লাইজ খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. মালিকানা স্বত্বের সমাপনী উদ্বৃত্ত ২,৩৬,৩০০ টাকা ধরে ব্যবসায়ের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd.com

৩.▶ রফিক ট্রেডার্স এর ২০১৬ সালের ৩০ জুন তারিখে রেওয়ামিল প্রস্তুতের পর দেখা যায় যে, ডেবিট দিকের যোগফল ক্রেডিট দিকের যোগফল অপেক্ষা ২,০০০ টাকা কম হয়েছিল। তখন অনিশ্চিত হিসাব লিখে সাময়িকভাবে রেওয়ামিলটি মিলিয়ে দেয়া হয়েছিল। নিম্নে রেওয়ামিলটি উপস্থাপন করা হলো:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| কলকব্জা এবং মূলধন | ২০,০০০ | ২৪,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ১১,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ১০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১৫,০০০ | ৩০,০০০ |
| ক্রয় ফেরত | | ৩,০০০ |
| বেতন খরচ | ৯,০০০ | |
| নগদ তহবিল | ৪,০০০ | |
| মজুরি খরচ | ৬,০০০ | |
| অনিশ্চিত হিসাব | ২,০০০ | |
| | ৬৭,০০০ | ৬৭,০০০ |

পরবর্তী পর্যায়ে নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে— ১. ক্রয় ফেরত ৫০০ টাকা ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে। ২. বেতন ৫,০০০ টাকা প্রদান করে বেতন হিসাব ৩০০ টাকা দেখানো হয়েছে। ৩. বিক্রয় হিসাবের যোগফল ৫০০ টাকা কম দেখানো হয়েছে। ৪. কলকব্জা সংস্থাপন ব্যয় ১,২০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে। ৫. নাসরিনকে নগদ ২,৫০০ টাকা প্রদান করে নগদান হিসাব ৪,০০০ টাকা দ্বারা ক্রেডিট করা হয়েছে।

ক. সমাপনী মজুদ ১৬,০০০ টাকা হলে সমন্বিত ক্রয় নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত ভুলগুলোর সংশোধনী দাখিলা দাও। ৪

গ. সংশোধন পরবর্তী রেওয়ামিল তৈরি করো। ৪

৪.▶ আব্বাস উদ্দীন ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৩০,০০০ টাকা, ২০,০০০ টাকার আসবাবপত্র এবং বন্ধুর নিকট হতে ১০,০০০ টাকা ঋণ নিয়ে একটি ব্যবসা গঠন করেন। নিম্নে তার ব্যবসায়ের লেনদেনগুলো তোমাকে দেয়া হলো :

| | | |
|---|---|---|
| জানু. | ৪ | ১৫% ভ্যাটসহ মাল ক্রয় ২৩,০০০ টাকা। |
| " | ৭ | আসলামের নিকট নগদে মাল বিক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ১২ | বিক্রয় ফেরত ৭,০০০ টাকা। |

http://teachingbd.com

| | | |
|---|---|---|
| জানু. | ১৬ | লভ্যাংশ পাওয়া গেল ৩,০০০ টাকা। |
| " | ২০ | নগদে যন্ত্রপাতি ক্রয় ৩,০০০ টাকা। |
| " | ২৫ | বাকিতে মাল বিক্রয় ২৩,০০০ টাকা। |
| " | ৩০ | আলমের নিকট হতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| " | ৩১ | আলমকে পূর্ণনিষ্পত্তিতে পরিশোধ ৪,৮০০ টাকা। |

ক. শুরুতে আনায়নকৃত মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৪, ১২, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

গ. ৭, ১৬, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোকে হিসাব সমীকরণে উপস্থাপন করো। ৪

৫.▶ ২০১৫ সালের ১ জুন তারিখে জনাব সেলিম খান-এর নগদ জমার উদ্বৃত্ত ছিল ২০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ছিল ১০,০০০ টাকা। তার লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুন | ৪ | নগদে ৩০,০০০ টাকার মাল বিক্রয় করা হলো। |
| " | ৬ | বেলালের নিকট হতে মাল ক্রয় ৭,০০০ টাকা। |
| " | ৮ | রশিদের নিকট হতে ১০,০০০ টাকার একটি চেক পাওয়া গেল। |
| " | ১১ | নগদে পণ্য ক্রয় ১২,০০০ টাকা। |
| " | ১২ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৭,০০০ টাকা। |
| " | ১৭ | বেলালের দেনা পূর্ণ নিষ্পত্তিতে প্রদান করা হলো ৬,৮০০ টাকা। |
| " | ২০ | ৫০,০০০ টাকা মূল্যের আসবাবপত্রের ১০% অবচয় ধার্য করা হলো। |
| " | ২১ | রায়হানের নিকট হতে ১,৮০০ টাকা পাওয়া গেল এবং তাকে ১০% বাট্টা মঞ্জুর করা হলো। |
| " | ২৮ | ব্যাংক হতে অফিসের জন্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ৩০ | নগদ উদ্বৃত্ত ৫,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেয়া হলো। |

ক. অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জুন ৮, ১৭, ২১ এবং ২৮ তারিখের লেনদেনের জন্য জাবেদা দাও। ৪

গ. একটি তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৬.▶ রহমান এর হিসাব বইতে নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া গেছে :

| | |
|---|---|
| প্রাপ্য হিসাব (০১-০১-২০১৫) | ৪৩,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (০১-০১-২০১৫) | ৪,০০০ টাকা |
| ধারে বিক্রয় ২০১৫ | ৬০,০০০ টাকা |
| অনাদায়ী পাওনা অবলোপন | ৩,০০০ টাকা |

জনাব রহমান অনাদায়ী পাওনার জন্য ৫% হারে সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সংশ্লিষ্ট জাবেদা দাও। ৪

গ. অনাদায়ী পাওনা সঞ্চিতি ও প্রাপ্য হিসাব প্রস্তুত করো। ৪

Teachingbd.com

৭.▶ নাঈম ইসলাম তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। এই অগ্রদত্ত টাকার পরিমাণ ১,২০০ টাকা। ২০১৬ সালের মে মাসে তার ব্যবসায়ের খুচরা খরচের পরিমাণ ৯০০ টাকা। জুন মাসের নিম্নোক্ত লেনদেনগুলো তোমাকে দেয়া হলো :

| | | |
|---|---|---|
| জুন | ১ | প্রধান ক্যাশিয়ারের নিকট হতে প্রাপ্তি ৯০০ টাকা। |
| " | ২ | কাগজ, কালি ক্রয় ১০০ টাকা; ডাক খরচ প্রদান ৭০ টাকা। |
| " | ৩ | চা-বিস্কুট ক্রয় ৮০ টাকা; বাস ভাড়া প্রদান ১১০ টাকা। |
| " | ১২ | পেনসিল ক্রয় ২০ টাকা; কোক ক্রয় ৮০ টাকা। |
| " | ১৮ | একটি চেয়ার ক্রয় ৫০০ টাকা। |
| " | ২৮ | পিয়নকে বকশিস ৫০ টাকা; ভিক্ষুককে প্রদান ২০ টাকা। |

ক. জুন ১ তারিখ খুচরা নগদ তহবিল নির্ণয় করো। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই প্রস্তুত করো। ৪

গ. সংশ্লিষ্ট জাবেদা দাও। ৪

৮.▶ অরণ্য মিয়ার হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যগুলো পাওয়া যায় :

১. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩০-০৬-২০১৬) ২৯,৩০০ টাকা। ২. ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত (৩০-০৬-২০১৬) ৩০,০০০ টাকা। ৩. জুন মাসে ০০৩ নং চেকে ৫,০০০ টাকা, ০০৫ নং চেকে ৩,৪০০ টাকা এবং ০০৭ নং চেকে ৫,৬০০ টাকা ইস্যু করা হয়েছে। কিন্তু ০০৫ নং চেকটি পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়েছে। ৪. পরিবহনাধীন চেক ১০,৪০০ টাকা। ৫. ডেবিট মেমোরেন্ডাম : (i) প্রত্যাখাত চেকের জন্য ৩,২০০ টাকা। (ii) ব্যাংক সার্ভিস চার্জ ১০০ টাকা। ৬. ক্রেডিট মোমেরেন্ডাম : (i) প্রাপ্য নোট আদায় ৩,৮০০ টাকা।

ক. ইস্যুকৃত কিন্তু ব্যাংকে উপস্থাপিত হয়নি এরূপ চেকের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সংশোধিত জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

৯.▶ ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে নয়ন ব্রাদার্স ৯৫,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করেন। একই তারিখে সংস্থাপন ব্যয় বাবদ তিনি ৫,০০০ টাকা খরচ করেন। ২০১১ সালের ১ জুলাই তারিখে ৭০,০০০ টাকায় আরেকটি যন্ত্র ক্রয় করেন এবং ২ জুলাই তারিখে এর বহন ও সংস্থাপন খরচ বাবদ ২,০০০ টাকা ব্যয় করেন। প্রতিষ্ঠানটির ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর সমাপ্ত হয়। ২০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয় ধরার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক. তিন বছরের অবচয় নির্ণয় করো। ২

খ. তিন বছরের প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. অবচয় সঞ্চিতি ও যন্ত্র হিসাব প্রস্তুত করো। ৪

১০.▶ নিম্নে আবুল হোসেনের রেওয়ামিল উপস্থাপন করা হলো :

আবুল হোসেন

রেওয়ামিল

http://teachingbd.com

৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২০,০০০ | |
| উত্তোলন | ৮০,০০০ | |
| মূলধন | | ২,০০,০০০ |
| সেবা আয় | | ৯,০০,০০০ |
| যন্ত্রপাতি | ৫,০০,০০০ | |
| বেতন খরচ | ২,০০,০০০ | |
| অগ্রিম বিমা | ৫০,০০০ | |
| অনার্জিত সেবা আয় | | ২০,০০০ |
| অফিস খরচ | ২,৭০,০০০ | |
| | ১১,২০,০০০ | ১১,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** ১. বেতন বকেয়া আছে ৩০,০০০ টাকা। ২. অগ্রিম বিমার ৩/৫ অংশের মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

ক. মুনাফা জাতীয় খরচ রেওয়ামিলে কত টাকা আছে নির্ণয় করো। ২

খ. ১০ কলাম বিশিষ্ট একটি কার্যপত্র তৈরি করো। ৪

গ. সমাপনী দাখিলাগুলো প্রদান করো। ৪

**১১.▶** বারি সিদ্দিকী একজন খুচরা ব্যবসায়ী। তিনি পূর্ণাজ্ঞ দু'তরফা নীতিতে হিসাব সংরক্ষণ করেন না। নিম্নে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা উল্লেখ করা হলো।

| বিবরণ | ০১-০১-১৫ (টাকা) | ৩১-১২-১৫ (টাকা) |
|---|---|---|
| নগদ | ৪,০০০ | ১৯,০০০ |
| ব্যাংক | ৫,০০০ | (২,০০০) |
| প্রাপ্য হিসাব | ১৯,০০০ | ৩১,৫০০ |
| ৬% ঋণ | ১০,০০০ | ১০,০০০ |
| প্রদেয় সিাব | ১০,০০০ | ২১,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ | - |

সারা বছর ধরে বারি সিদ্দিকী প্রত্যেক সপ্তাহে নগদ ১০০ টাকা উত্তোলন করেন এবং মোট ২,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি ব্যক্তিগত মোটরগাড়ি ৭০,০০০ টাকায় বিক্রিয় করে তার ৩/৫ অংশ দিয়ে ব্যবসায়ের জন্য একটি কম্পিউটার ক্রয় করেন ০১-০৭-২০১৫ তারিখে।

**অন্যান্য তথ্য :** ১. প্রাপ্য হিসাবের ১,৫০০ টাকা আদায়যোগ্য নয়, প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ২. মূলধনের ১০% সুদ ধার্য করো। ৩. স্থায়ী সম্পদের ১০% অবচয় ধার্য করো।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ৩,১০০ টাকা ধরে একটি বিষয় বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd.com

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড ২ ৫ ৩

সময় ঃ ৩০ মিনিট | বহুনির্বাচনি অভিক্ষা | পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. কখন মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়?
ক খরচ বৃদ্ধি পেলে
খ ক্ষতি হলে
গ সম্পত্তি বৃদ্ধি পেলে
ঘ আয় হলে

২. নামিক হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?
ক আয় | খ খরচ
গ সম্পদ | ঘ দায়

৩. প্রাপ্য হিসাব কোন ধরনের সম্পত্তি?
ক চলতি | খ স্থায়ী
গ অস্পর্শনীয় | ঘ অলীক

৪. ধারে পণ্য বিক্রয়ের ফলে—
i. আয় বৃদ্ধি পায়
ii. স্থায়ী সম্পদ বৃদ্ধি পায়
iii. প্রাপ্য হিসাব বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

৫. ব্যাংক সমন্বয় বিবরণীতে বকেয়া চেক—
ক ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ হবে
খ ব্যাংকে উদ্বৃত্ত থেকে বাদ যাবে
গ নগদ উদ্বৃত্ত থেকে বাদ যাবে
ঘ নগদ উদ্বৃত্তের সাথে যোগ হবে

৬. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করেন কে?
ক ব্যাংকার
খ আমানতকারী
গ বিনিয়োগকারী
ঘ পাওনাদার

৭. জাবেদা হলো—
i. হিসাবের প্রাথমিক বই
ii. হিসাবের চূড়ান্ত বই
iii. হিসাবের দৈনিক বই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

বাহার ট্রেডার্সের মে মাসের নিম্নোক্ত ঘটনাগুলো সম্পাদিত হয়েছে

মে-৫ আসবাবপত্র ক্রয় ৫০০ টাকা।
১২ বাচ্চাদের স্কুলের বেতন প্রদান ৪,০০০ টাকা
৩০ ৯০,০০০ টাকার মাল ক্রয়ের ফরমায়েশ প্রদান।

৮. মে ৫ তারিখের লেনদেনের হিসাবখাত নির্ণয় কর।
ক আসবাবপত্র ও নগদান হিসাব
খ ক্রয় ও নগদান হিসাব
গ আসবাবপত্র ও পাওনাদার হিসাব
ঘ নগদান ও অফিস সরঞ্জাম হিসাব

৯. মে ১২ তারিখের লেনদেনের হিসাব সমীকরণে প্রভাব কী?
i. A হ্রাস পাবে | ii. L হ্রাস পাবে
iii. C হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii | খ i ও iii
গ ii ও iii | ঘ i, ii ও iii

১০. সম্পত্তির বহির্মূল্য = ?
i. বিক্রয়মূল্য-ক্রয়মূল্য
ii. ক্রয়মূল্য-পুঞ্জিভূত অবচয়
iii. ক্রয়মূল্য + অবচয়
নিচের কোনটি সঠিক?
ক i | খ ii
গ ii ও iii | ঘ i, ii ও iii

১১. ভাড়া খরচ হিসাবে ৭,৫০০ টাকার একটি ডেবিট উদ্বৃত্ত দেখা গেল। বছর শেষে জানা গেল-এর মধ্যে ৩,০০০ টাকা ভাড়া পরবর্তী বছরের। সমন্বয় দাখিলাটি হবে—
ক ডেবিট ভাড়া হিসাব, ক্রেডিট নগদান হিসাব
খ ডেবিট নগদান হিসাব, ক্রেডিট ভাড়া হিসাব
গ ডেবিট নগদান হিসাব, ক্রেডিট অগ্রিম ভাড়া হিসাব
ঘ ডেবিট অগ্রিম ভাড়া হিসাব, ক্রেডিট ভাড়া হিসাব

১২. ২/১০, নিট/৩০ শর্তটি প্রকাশ করে—
ক নগদ বাট্টা | খ ব্যবসায়ী বাট্টা
গ প্রাপ্ত বাট্টা | ঘ মঞ্জুরীকৃত বাট্টা

১৩. আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব কোন মূল্য দেখানো হয়?
ক বিক্রয়মূল্য
খ নিট আদায়যোগ্য মূল্য
গ মোট আদায়যোগ্য মূল্যে
ঘ লিখিত মূল্যে

TeachingBD.com

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. উত্তম দাস তার হিসাব বই এক তরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০১৫ সালের তার প্রারম্ভিক মূলধন ৪০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৬০,০০০ টাকা ছিল। তার নগদ উত্তোলনের পরিমাণ ৪,০০০ টাকা এবং অতিরিক্ত মূলধনের পরিমাণ ১০,০০০ টাকা।

১৪. ২০১৫ সালে উত্তম দাসের নিট আয় কত?
ক ১৪,০০০ টাকা খ ২০,০০০ টাকা
গ ৩৬,০০০ টাকা ঘ ৪৪,০০০ টাকা

১৫. যদি উত্তম দাস আরো ৪,০০০ টাকা উত্তোলন করতেন তবে নিট আয়ে কী পরিবর্তন আসবে?
ক ৮,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ ৪,০০০ টাকা বৃদ্ধি পাবে
গ ৪,০০০ টাকা হ্রাস পাবে
ঘ ৮,০০০ টাকা হ্রাস পাবে

১৬. হিসাব চক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
ক জাবেদা খ খতিয়ান
গ কার্যপত্র ঘ আর্থিক বিবরণী

১৭. অবচয় হলো—
i. বণ্টনযোগ্য ব্যয় ii. বহিঃলেনদেন
iii. আন্তঃলেনদেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. হিসাববিজ্ঞানের কোন নীতির কারণে মজুদ পণ্যের ক্রয়মূল্য ও বাজার মূল্যের মধ্যে ছোটটি হিসাবভুক্ত করা হয়?
ক ক্রয়মূল্য নীতি
খ পূর্ণ প্রকাশকরণ নীতি
গ রক্ষণশীলতা নীতি
ঘ আদায়করণ নীতি

১৯. নিত্য মজুদ পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য কোন হিসাব ডেবিট করা হয়?
ক ক্রয় হিসাব খ মজুদ পণ্য হিসাব
গ পণ্য দ্রব্য হিসাব ঘ সরবরাহকারী হিসাব

২০. হিসাববিজ্ঞানের নীতিমালার গুরুত্বপূর্ণ ধারণা ও প্রথার তিনটি C দিয়ে কী বুঝানো হয়েছে?
ক Cost, Consistency & Conservatism
খ Concept, Convention & Cost
গ Cost, Concept & Capital
ঘ Creditors, Consistency and Concept

২১. C/d-এর পূর্ণ রূপ কোনটি?
ক Carried down খ Credit down
গ Carried discount ঘ Credit discount

২২. প্রদত্ত ভাড়ার ১২৫% এ ২৫,০০০ টাকা হলে ভাড়া খরচ কত?
ক ৬,২৫০ টাকা খ ২০,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা ঘ ৩১,২৫০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
আসবাবপত্রের ক্রয়মূল্য ৫৩,০০০ টাকা, ভগ্নাবশেষ মূল্য ৩,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর।

২৩. আয়ুষ্কাল শেষে স্থির কিস্তি পদ্ধতিতে আসবাবপত্রের বহির্মূল্য কত?
ক ৩,০০০ টাকা খ ৫,০০০ টাকা
গ ৫০,০০০ টাকা ঘ ৫৩,০০০ টাকা

২৪. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২য় বছরের অবচয়ের পরিমাণ কত?
ক ৩,০৫৩ টাকা খ ১২,০০০ টাকা
গ ১৩,০৩৯ টাকা ঘ ২১,২০০ টাকা

২৫. অনুপার্জিত আয় কোন জাতীয় হিসাব?
ক দায় খ সম্পত্তি
গ খরচ ঘ আয়

২৬. মালিকানা স্বত্বের পরিবর্তন আনয়ন করে—
i. কমিশন প্রাপ্তি ii. পণ্য বিক্রয়
iii. পুস্তকমূল্যে আসবাবপত্র বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. হিসাবের চূড়ান্ত বই কোনটি?
ক জাবেদা খ খতিয়ান
গ বিশেষ জাবেদা ঘ রেওয়ামিল

২৮. আর্থিক বিবরণীর কয়টি অংশ?
ক দুইটি খ তিনটি
গ পাঁচটি ঘ ছয়টি

২৯. ব্যবসায়ের আর্থিক অবস্থা মজবুত করে—
i. সঞ্চিতি
ii. ভবিষ্যৎ ব্যবস্থা
iii. গোপন সঞ্চিতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. নিট ক্ষতি দ্বারা কী হ্রাস পায়?
ক আয় খ সম্পত্তি
গ দায় ঘ মালিকানা স্বত্ব

Teachingbd.com